# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৪১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি অপ্রীতিকর গাছ (পেয়াজ-রসূন) ভক্ষন করবে, তার তিন দিন মসজিদে উপস্থিত হওয়ার ব্যাপারে হুশিয়ারী

ذِكْرُ الزَّجْرِ عَنْ أَنْ يَحْضُرَ آكِلُ الشَّجَرَةِ الْخَبِيثَةِ ثَلَاثَةَ أَيَّامٍ الْمَسَاجِدَ

---

আরবী

1641 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ قَالَ: حَدَّثَنَا جَرِيرٌ عَنِ الشَّيْبَانِيِّ عَنْ عَدِيِّ بْنِ ثَابِتٍ عَنْ زِرِّ بْنِ حُبَيْشٍ عَنْ حُذَيْفَةَ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (مَنْ أَكَلَ مِنْ هَذِهِ الْبَقْلَةِ الْخَبِيثَةِ فَلَا يَقْرَبَنَّ مَسْجِدَنَا ثَلَاثًا)

قال إسحاق: يعني الثوم

الراوي : حُذَيْفَة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1641 | خلاصة حكم المحدث: صحيح ـ ((التعليق الرغيب)) (1/ 122).

বাংলা

১৬৪১. হুযাইফা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যে ব্যক্তি এই অপ্রীতিকর/দুর্গন্ধযুক্ত বৃক্ষ (পেয়াজ-রসূন) ভক্ষন করবে, সে যেন তিন দিন আমাদের মাসজিদে না আসে।”[1]

ইসহাক রহিমাহুল্লাহ বলেন, “এখানে উদ্দেশ্য হলো রসুন।”

ফুটনোট

[1] আবূ দাউদ: ৩৮২৪; সুনান বাইহাকী: ৩/৭৬; সহীহ ইবনু খুযাইমাহ: ১৬৬৩; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৮/৩০২; সহীহ আল বুখারী: ৮৫৩; সহীহ মুসলিম: ৫৬১; আবূ আওয়ানা: ১/৪১২; নাসাঈ: ২/৪৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারী ও সহীহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ১/১২২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ হুযায়ফাহ ইবন আল-ইয়ামান (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91235

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন